গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা-১
www.lawjusticediv.gov.bd

স্মারক নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮(অংশ).২২৬৭

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ / ২৮ মে, ২০২৫

প্রেরকঃ মো. মতিউর রহমান
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ চলতি ২০২৪-২৫ অর্থ বছরে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল পাবনা, ফরিদপুর, যশোর, খুলনা কার্যালয়ে '৩২১১১৩১-আউটসোসিং' খাতে বকেয়া অর্থ মঞ্জুরি।

সূত্রঃ ১৪৬, তারিখ-৩০/০৪/২০২৪ খ্রিঃ ল্যান্ট সার্ভে ট্রাঃ, পাবনা।
১২৫/২৫, তারিখ-১০/০৪/২০২৪ খ্রিঃ ল্যান্ট সার্ভে ট্রাঃ, ফরিদপুর।
৫৭, তারিখ-৬/০৫/২০২৪ খ্রিঃ ল্যান্ট সার্ভে ট্রাঃ, যশোর।
৩৯, তারিখ-২৯/০৫/২০২৪ খ্রিঃ ল্যান্ট সার্ভে ট্রাঃ, খুলনা।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৪-২৫ অর্থ বছরে "১২১০৫১০০০০০০০-ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালসমূহ" কোডের অধীন ১। ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, পাবনা এর কার্যালয়ে =৯,৬৮৪/- (নয় হাজার ছয়শত চুরাশি টাকা), ২। ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ফরিদপুর এর কার্যালয়ে =৯,০০০/- (নয় হাজার টাকা), ৩। ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, যশোর এর কার্যালয়ে =১০,০০০/-(দশ হাজার টাকা), ৪। ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, খুলনা এর কার্যালয়ে =৮,৫০০/-(আট হাজার পাঁচশত টাকা) এর অনুকূলে '৩২১১১৩১-আউটসোসিং' খাতে চাহিদার প্রেক্ষিতে বর্ণিত শর্তে বকেয়া অর্থ ছাড় করণের সম্মতি জ্ঞাপন করা হলো ঃ-

**শর্তাবলী ঃ**

১। সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে ;
২। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারী সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে ;
৩। জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে। সেবামূল্যের পরিমাণ ; বেশি হলে বিল পরিশোধের পূর্বেই আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে ;
৪। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
৫। হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
৬। আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে:
৭। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না ;
৮। বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে এবং বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না এবং পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
৯। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৫ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।
১০। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং সেবাক্রয়ের ক্ষেত্রে ধার্যকৃত সেবামূল্যের আলোকে নূন্যতম ১০% সার্ভিস চার্জ ধরে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।

(মো. মতিউর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০০০৯ (অ)।
ইমেইলঃ-lawjusticediv.budget@gmail.com

স্মারক নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮(অংশ).১৪৯৭ তারিখঃ ২৮/০৫/২০২৫

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, পাবনা, ফরিদপুর, যশোর, খুলনা (আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য অনুরোধ করা হলো)।

২। ডিভিশনাল কন্ট্রোলার অফ একাউন্টস, খুলনা।

৩। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা, ফরিদপুর, যশোর।

৪। প্রোগ্রামার, আইন ও বিচারবিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অফিস কপি/গার্ড ফাইল।

২৮/০৫/২০২৫

(মো.মতিউর রহমান)
সিনিয়র সহকারী সচিব